



## সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী, সুনামগঞ্জ।

Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com



স্মারক নং-২৭.১২.৯০৮৯.০৬২.০৭.০২২.০২৪- ২২০৭


তারিখ :- ১৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ মার্চ ২০২৪ খ্রিঃ

### “মিনি ঠিকাদারী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি”

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এ মিনি ঠিকাদার হিসাবে সল্ল দৈর্ঘ্যের বৈদ্যুতিক লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষন ও আপগ্রেডেশন করন কাজের প্রাথমিক তালিকাভুক্তির জন্য আত্রহী বাংলাদেশের যেকোন বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বায়ন করা হচ্ছে। তালিকাভুক্তির আবেদন ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) (পিপিআর-২০০৮) টাকা নগদ জমা সাপেক্ষে অত্র পবিসের ক্যাশ শাখা হতে “নির্ধারিত ফরম” সংগ্রহ করা যাবে। উক্ত ফরম যথাযথ পূরণ পূর্বক নিম্নোক্ত সকল দলিলাদী সংযুক্ত করতঃ আগামী ১৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার পূর্বে অত্র পবিসের সদর দপ্তরে নির্ধারিত বক্সে জমা প্রদান করতে হবে। পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী দাখিলকৃত আবেদন যাচাই বাচাই করে বৈধ ও যোগ্যতা সম্পন্ন ২০ টি প্রতিষ্ঠানকে প্রাথমিক তালিকাভুক্ত করা হবে।

প্রাথমিক তালিকাভুক্তির জন্য আবেদন পত্রের সাথে যে সকল দলিলাদী জমা প্রদান করতে হবে তা নিম্নরূপঃ

- ০১। নির্ধারিত ফরমে বাপবিবো ফরম নং- ১০০-৫২-০১ (ভার্সন-১) মিনি ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে প্রাথমিক তালিকাভুক্তির আবেদন।
- ০২। হালনগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, আয়কর সনদ বা আয়কর রিটার্ন জমা প্রদানের রশিদ। রিটার্নের রশিদে পরিসম্পদের মোট পরিমান উল্লেখ থাকতে হবে। (সত্যায়িত ফটোকপি)।
- ০৩। বৈদ্যুতিক ঠিকাদারী এবিসি লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।
- ০৪। এবিসি সুপারভাইজারী লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।
- ০৫। বাপবিবো এর প্রশিক্ষন পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষন প্রাপ্ত ০১ (এক) জন সুপারভাইজার ও ০১ (এক) জন লাইনম্যান এর সনদ সত্যায়িত ফটোকপি। (প্রাথমিকের তালিকাভুক্তির জন্য বাধ্যতামূলক নয়)
- ০৬। বৈদ্যুতিক কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা।
- ০৭। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (০১টি কার্যাদেশের ১০ লক্ষ টাকার কাজ করার ক্ষমতা)।
- ০৮। সত্বাধিকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ (ছবি সহ জীবন বৃত্তান্ত)।
- ০৯। লোকবলের তালিকা ও প্রত্যেকের যোগ্যতা ও অভিজ্ঞতা (ছবি সহ জীবন বৃত্তান্ত)।
- ১০। যানবাহনের তালিকা (যান্ত্রিক যানবাহনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর/ব্লু-বুক এর সত্যায়িত কপি)।
- ১১। বর্তমানে চলমান কাজের নাম। (যদি থাকে)।
- ১২। আবেদিত প্রতিষ্ঠান কোন কোন পবিসে তালিকাভুক্তি আছে সঠিক তথ্য প্রদান করতে হবে। ০৪ টি পবিসে ইতি মধ্যে তালিকাভুক্ত হইয়া থাকিলে আবেদন করিতে পারিবে না। আবেদিত প্রতিষ্ঠান ০৪ (চার) টির অধিক সমিতিতে তালিকাভুক্ত নাই এতদবিষয়ে অস্বীকার পত্র জমা দিতে হবে।
- ১৩। যাচাই বাছাই পূর্বক কোন কাগজপত্র মিথ্যা প্রমাণিত হইলে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে।
- ১৪। কোন রকম তদবির/সুপারিশকৃত আবেদনপত্র বাতিল বলে গণ্য হইবে। যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যাতির কতৃপক্ষ কর্তৃক বাতিল করার ক্ষমতা সংরক্ষিত থাকবে।

  
(মিলন কুমার কুন্ডু)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস ১/২/৩/৪। (নোটিশ বোর্ডে টাঙানোর জন্য)
- ০৪। নির্বাহী প্রকৌশলী, (এসওডি), বাপবিবো, সুনামগঞ্জ।
- ০৫। ডিজিএম, ছাতক জোনাল অফিস, সুপবিস।
- ০৬। এজিএম (সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/অর্থ-হিসাব/প্রশাসন), সুনামগঞ্জ পবিস।
- ০৭। এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর/দিরাই/শান্তিগঞ্জ/জগন্নাথপুর/দোয়ারাবাজার/তাহিরপুর/জামালগঞ্জ সাব-জোনাল অফিস, সুনামগঞ্জ পবিস।
- ০৮। নোটিশ বোর্ড।
- ০৯। অফিস/মাষ্টার কপি।

  
(মিলন কুমার কুন্ডু)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)